



জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

০৫(১৮২) জাতী:বি:/পরী:/প্রফে:/বি.এড/৯৯/পাট-৫/৬২০৫

তারিখ: ১৯/০১/২০২৩

২০২১ সালের বি.এড ২য় সেমিস্টার পরীক্ষার পরীক্ষা কেন্দ্রে নিম্নোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ

ডিজিটাল পক্রিয়ায় পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ (ফরম পূরণ, প্রবেশ পত্র বিতরণ, হাজিরা প্রদান, উত্তরপত্রের নম্বর গ্রহণ এবং পরীক্ষার ফলাফল পতক্রিয়াকরণ ইত্যাদি) সম্পাদনের নিমিত্তে জাতীয় বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুতকৃত Examination Management System (EMS) সফটওয়্যারটির মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ব্যাপারে ২০২১ সালের বি.এড ২য় সেমিস্টার পরীক্ষায় EMS সফটওয়্যার ব্যবহার করে অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপের মাধ্যমে ডিজিটাল হাজিরা গ্রহণ এবং অন্যান্য কার্যাবলী সম্পন্ন করার জন্য আপনাকে/কেন্দ্র প্রধান/ভারপ্রাপ্ত কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।

অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপের (Invigilator App) পরিচালনা, হাজিরা প্রেরণ ও অন্যান্য আনুষঙ্গিক নির্দেশাবলী

১. পরীক্ষা শুরুর পূর্বেই অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য/কক্ষ পরিদর্শকের তথ্য EMS সফটওয়্যারের কেন্দ্র প্যানেলে ইনপুট দিয়ে নিয়োজিত করবেন। Invigilator App দিয়ে হাজিরা গ্রহণ এবং সেন্টার প্যানেল থেকে টপশীট ডাউনলোড সংক্রান্ত যাবতীয় কাজে সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ সহযোগিতা করবেন।
২. Center Panel এবং Invigilator App সম্বন্ধে আপনারা অবগত আছেন। ইতিপূর্বে বি.এড ১ম সেমিস্টার পরীক্ষা EMS সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হয়েছে। এ ব্যাপারে প্রশিক্ষণ অনলাইনে দেওয়া হবে। তারিখ ও সময় যথাসময় জানিয়ে দেওয়া হবে।
৩. পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ ঘণ্টা পূর্বে মোবাইল ডিভাইস অন করতে হবে এবং চার্জ পূর্ণ আছে কি-না দেখতে হবে। ডিভাইসে ইন্টারনেট সংযোগ চালু করতে হবে।
৪. প্রতিটি কেন্দ্রের জন্য EMS সফটওয়্যারের কেন্দ্র প্যানেলের User ID এবং Password থাকবে।
৫. বিশ্ববিদ্যালয় হতে সরবরাহকৃত QR কোড সম্বলিত উত্তরপত্র ছাড়া অন্য কোন উত্তরপত্রে পরীক্ষা নেওয়া যাবে না।
৬. পরীক্ষা শুরুর পরপরই উত্তরপত্রের এবং প্রবেশপত্রের QR কোড উপর নিচ রেখে কক্ষ পরিদর্শক তার মোবাইল ফোনে ইনস্টল করা Invigilator App দিয়ে এক এক করে স্ক্যান করবে। প্রয়োজনে কক্ষ পরিদর্শক জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির সহযোগিতা নিতে পারবে। পরীক্ষা চলাকালীন সময়ের মাঝেই পরীক্ষার্থীর হাজিরা স্ক্যান করতে হবে।
৭. বহিঃস্থারকৃত পরীক্ষার্থীর তথ্য সেন্টার প্যানেল থেকে বিস্তারিত তথ্য দিয়ে ডাউনলোড করে পূর্বের নিয়মে পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরে প্রেরণ করতে হবে।
৮. সংশ্লিষ্ট পরীক্ষায় যারা ফরম পূরণ করেছে শুধুমাত্র তাদের ডাটা পরীক্ষা পত্র ও সূচী অনুযায়ী EMS সফটওয়্যারে আপডেট থাকবে।
৯. হাজিরা স্ক্যান ও যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে উপস্থিত/অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা যাচাই করে তিন কপি টপশীট প্রিন্ট করে এক (০১) কপি কেন্দ্রে সংরক্ষণ করবে, এক (০১) কপি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিকে এবং এক (০১) কপি ই-টাইপের সঙ্গে প্রেরণ করতে হবে।
১০. পূর্বের ন্যায় ম্যানুয়েল পদ্ধতিতেও হাজিরাশীটে পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণ, সংরক্ষণ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।
১১. মোবাইল দিয়ে হাজিরা স্ক্যান ও সেন্টার প্যানেল ব্যবহারে টেকনিক্যাল সহযোগিতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপস্থিত প্রতিনিধির সাথে যোগাযোগ করা যতে পারে।
১২. প্রয়োজনে: ০১৭০৩৭২৫৮১৮, ০১৮৮৯৯৬৭৫১৪, ০১৬৭৬২২৭০১৯, ০১৭১০৬৫৯০৬৮

OMR (ই-টাইপ), উত্তরপত্রের প্যাকেট/বান্ডেল প্রস্তুতকরণ ও প্রেরণের নিয়মাবলী:

১. তদ্বীয় পত্রের লিখিত মূল উত্তরপত্র অনধিক ৫০ (পঞ্চাশ) টি করে সাজিয়ে উপরে-নিচে করোনেটেড বোর্ড দিয়ে শক্ত সুতলী দিয়ে মজবুত করে বেখে মোটা লাল রঙের কাপড় দিয়ে মুড়িয়ে বান্ডেল তৈরী করতে হবে। প্রতিটি বান্ডেলের প্রথম উত্তরপত্রের ভিতর কমপক্ষে একটি প্রশ্নপত্র দিতে হবে। প্রতিটি বান্ডেলে বান্ডেল লেবেল লাগিয়ে তার উপর পরীক্ষা কোড, বিষয় কোড, বিষয়, পত্র কোড ও উত্তর পত্রের সংখ্যা লিখতে হবে।
২. উত্তরপত্রের চার/পাচটি বান্ডেল একত্র করে একটি প্যাকেট তৈরী করে পরীক্ষার দিনই জনাব মোঃ হারুন অর রশিদ, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, মাস্টার্স শেখ পর্ব শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় রেজিস্ট্রি ডাক মারফত/হাতে হাতে পাঠাতে হবে।
৩. OMR (ই-টাইপ) প্যাকেটটি লাল কাপড় দিয়ে মুড়িয়ে সেলাই ও গালাসীল করে প্রতিদিনের পরীক্ষা শেষে ট্রেজারী/নিকটস্থ থানায় নিরাপদ হেফাজতে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।
৪. ট্রেজারী/থানায় জমাকৃত গালাসীল যুক্ত OMR (ই-টাইপ) ও হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা শেষে কেন্দ্র থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির মাধ্যমে সংগ্রহ করা হবে।

তথ্য প্রযুক্তি ব্যবহারে পরীক্ষা গ্রহণ ও পরিচালনায় আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

ফোন: ০২-৯৯৬৬৯১৫১৭